দৈনিক ইত্তেফাক 17

তারিখ 02 FEB 1990
পৃষ্ঠা 7 কলাম 1

## ছাত্র-ছাত্রীরা বিনামূল্যের পুস্তক পাইয়াছে'

সরকারী ও বেসরকারী রেজিস্টার্ড প্রাথমিক বিদ্যালয়ে জানুয়ারী মাসের প্রথম পর্বের মধ্যেই বিনামূল্যে ৪ কোটি ৩৪ লক্ষ ৭৮ হাজার পুস্তক বিতরণ করা হইয়াছে।

( ২য় পৃঃ দ্রঃ )

## বিনামূল্যের পুস্তক

( ১ম পৃঃ পর )

এইসব স্কুলের প্রত্যেকটি ছাত্র-ছাত্রী ইতিমধ্যেই বই পাইয়াছে। শিক্ষা মন্ত্রণালয় এতদসম্পর্কে দৈনিক ইত্তেফাকে ৩১শে জানুয়ারী প্রকাশিত সংবাদকে তথ্যনির্ভর নহে বলিয়া জানাইয়াছে।

শিক্ষা মন্ত্রণালয়ের এক প্রেস বিজ্ঞপ্তিতে বলা হয়, বেসরকারী স্কুলসমূহ হইতে তাদের চাহিদা পাওয়ার পরই কেবল পুস্তক সরবরাহ করা হইয়া থাকে। এই চাহিদা পাওয়ার পর পরই ঐসব স্কুলসমূহে পুস্তক সরবরাহ করা হইয়াছে এবং ৩১শে জানুয়ারীর মধ্যে তাহা সরবরাহ নিশ্চিত করা হইয়াছে। কোন কোন বেসরকারী স্কুল দেরীতে তাহাদের চাহিদা জানানোর ফলে পুস্তক সরবরাহে হয়তো খানিকটা বিলম্ব হইতে পারে। সরকারের নীতি অনুসারে কিণ্ডার গার্টেন স্কুলসমূহে বিনা মূল্যে পাঠ্য পুস্তক সরবরাহ করা হয় না। কারণ সেখানে সচ্ছল পরিবারের সন্তানগণ পড়াশুনা করে। তাহাদের সুবিধার্থে সারাদেশে পুস্তক বিক্রেতাদের মাধ্যমেও পুস্তক বিক্রয়ের ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে।

ইত্তেফাকে প্রকাশিত খবরটি সুনির্দিষ্ট না হওয়ায় কোন্ বিদ্যালয়ে বিনামূল্যের পাঠ্য-পুস্তক পেঁৗছায় নাই তা নির্ণয় করা সম্ভব হয় নাই। শিক্ষা মন্ত্রণালয় ও প্রাথমিক শিক্ষা অধিদপ্তর গৃহীত এই সকল ব্যবস্থার পরও যদি কোন স্কুল পাঠ্য-পুস্তক না পাইয়া থাকে তবে তাহাদের সংশ্লিষ্ট জেলার প্রাথমিক শিক্ষা কর্মকর্তার সংগে যোগাযোগ করিতে অনুরোধ করা হইয়াছে।